

**এসএসসি পরীক্ষার
পদ্ধতি সম্পর্কে সরকারী
মনোভাব ব্যাখ্যা**

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির
উদ্দিন সরকার এসএসসি পরীক্ষার
পদ্ধতি সম্পর্কে বিভিন্ন ধরনের
ওজবের প্রেক্ষিতে ছাত্র-ছাত্রীদের
মধ্যে যে অসন্তোষ ও বিক্ষোভের
(২য় পৃ: ৮-এর ক: দ্র:)

সরকারী মনোভাব

(প্রথম পৃ: পর)

ভাব পরিলক্ষিত হইয়াছে সে
সম্পর্কে সরকারের মনোভাব
ব্যাখ্যা করার জন্য গতকাল ঢাকা
শহরের সরকারী ও বেসরকারী
স্কুলের প্রধান শিক্ষক ও শিক্ষি-
কাদের সাথে তাহার অফিসে এক
বৈঠকে মিলিত হন।

বৈঠকে প্রধান শিক্ষক ও
শিক্ষিকাগণ সরকার কর্তৃক গৃহীত
সিদ্ধান্তকে বিজ্ঞচিত ও সমন্বয়-
যোগী বলিয়া উল্লেখ করেন।
পরীক্ষা পদ্ধতির ত্রুটি-বিচ্যুতি
দূর করা ও শিক্ষার সঠিক মান
সংরক্ষণের জন্য এ সিদ্ধান্ত
একান্ত অপরিহার্য বলিয়া তাহারা
অভিমত ব্যক্ত করেন এবং যে
কোন পরিস্থিতিতে তাহারা শিক্ষার
স্বার্থে সরকারকে সাবিক সহযো-
গিতা প্রদানের আশাস দেন।